# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ৬২০০ — জে, তারিখ: চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ ~~মার্চ~~ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: পঞ্চগড় জেলা জজ আদালতে কর্মরত "অফিস সহায়ক (মহাফেজ খানা)" জনাব মোঃ নুর ইসলাম-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা ও দায়রা জজ এর কার্যালয়, পঞ্চগড় এর গত ০৯.০৩.২০২৩ খ্রিস্টাব্দের জেজ/পঞ্চ/প্রশাঃ২০২৩-১১২(১) নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নুর ইসলাম পঞ্চগড় জেলা জজ আদালতে অফিস সহায়ক হিসেবে মহাফেজ খানায় কর্মরত আছেন। তার পরিবারের সদস্য সংখ্যা ৫ জন। তিনি যে বেতন পান তা দিয়ে পরিবার পরিজন নিয়ে কোনো রকম জীবন যাপন করছেন। তার পরিবারে তিনি ব্যতিত উপার্জন করার মত কেউ নেই। তিনি বিগত ২০১৯ সালে অসুস্থ অনুভব করলে পঞ্চগড় আধুনিক সদর হাসপাতালে ভর্তি হন এবং চিকিৎসা গ্রহণ করেন। পঞ্চগড় সদর হাসপাতালে চিকিৎসা গ্রহণ করার পর শারীরিক উন্নতি না হলে ঠাকুরগাঁও সদর হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার আলী আফজাল এর শরনাপন্ন হন। ঠাকুরগাঁও সদর হাসপাতালের চিকিৎসক পরীক্ষা নিরীক্ষা করে দেখেন যে, তার হার্টসহ গল ব্লাডারে পাথর হয়েছে। জরুরীভাবে অপারেশন করতে হবে। সেই মোতাবেক তার যা সহায় সম্বল ছিল তা বিক্রয় এবং বিভিন্ন ব্যক্তিবর্গের নিকট হতে ঋণ করে ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যয়ে ডাক্তার রুহুল কুদ্দুস-এর নিকট গল ব্লাডারের অপারেশন করেন।

(খ) পরবর্তীতে ২০২০ সালে তিনি পুনরায় শারীরিকভাবে অসুস্থবোধ কররে তিনি হাইপারটেনশন এন্ড রিসার্চ সেন্টার, রংপুর এর ডাক্তার প্রবাল সুত্রধর, এমবিবিএস, এফসিএস (মেডিসিন) এর শরনাপন্ন হন এবং তিনি তার পরীক্ষা নিরীক্ষা করেন এবং ব্যবস্থাপত্র (প্রেসক্রিপসন) করে দেন। পরবর্তীতে তার বুকের ব্যাথা অনুভব করলে তিনি জিয়া হার্ট ফাউন্ডেশন, দিনাজপুর এর ডাক্তার এবিএম মঞ্জুর হোসেন এর শরনাপন্ন হলে তিনি তাকে জরুরীভাবে হার্টে একটি রিং বসানোর পরামর্শ প্রদান করেন।

(গ) আর্থিক সমস্যার কারণে অপারেশন করতে পারছেন না তিনি যথাসময়ে অপারেশন করতে না পারলে বেঁচে থাকাই তার অসম্ভব হয়ে পড়বে। বর্তমানে তিনি হার্টসহ শ্বাসকষ্ট রোগে ভুগছেন। দৈনন্দিন তাকে ৩৫০/৪০০ টাকার ওষুধ সেবন করতে হয়। যা অত্যন্ত ব্যয় বহুল এবং কষ্টকর বটেও।

(ঘ) বর্ণিত প্রেক্ষাপটে নিরুপায় হয়ে স্বাভাবিক এবং সাধারণভাবে বেঁচে থাকার তাগিদে তার অপারেশনসহ ঔষধ ক্রয় পূর্বক সেবন করার নিমিত্ত তিনি বিচার বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী এবং বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীর নিকট আর্থিক সাহায্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, পঞ্চগড়ের জেলা জজ আদালতে কর্মরত "অফিস সহায়ক (মহাফেজ শাখা)" জনাব মোঃ নুর ইসলাম-এর চিকিৎসার ব্যয় নির্বাহে আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রেরণপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
জনাব মোঃ নুর ইসলাম
**অগ্রণী ব্যাংক লিমিটেড, পঞ্চগড় শাখা, পঞ্চগড়**
**ব্যাংক হিসাব নং- ০২০০০১৫৪৪৩২৩৫**
**বিকাশ-০১৭৩৩-৭৮৪৬৫৪**

স্বা:/-
(এসকে.এম. তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ৬২০০- জে, তারিখ: চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ ~~মার্চ~~ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------- ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, -------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।

(প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের)



dextop/Help application

৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -----------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ....................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ...................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

R Rahaman
03.04.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

মাননীয়

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

মাধ্যম: মাননীয় জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।

তারিখ: স্বা: ১৭ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০২/০৫/২০২৩ খ্রি:

বিষয়ঃ **চিকিৎসার জন্য আর্থিক সহায়তা পাইবার আবেদন।**

মহোদয়

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমি মো: নুর ইসলাম, পিতা- মৃত বছির উদ্দীন, গ্রাম- বলেয়াপাড়া, উপজেলা- পঞ্চগড় সদর, জেলা- পঞ্চগড়। মহোদয় এই মর্মে আপনার বরাবরে আবেদন করছি যে, আমি আপনার অধীনস্থ একজন কর্মচারী। বর্তমানে আমি অফিস সহায়ক হিসেবে মহাফেজ খানায় কর্মরত আছি। মহোদয়, আমার পরিবারের সদস্য সংখ্যা ৫ জন। আমি যে বেতন পাই তা দিয়ে পরিবার পরিজন নিয়ে কোন রকম জীবন যাপন করছি। আমার পরিবারে আমি ব্যতিত উপার্জন করার মত কেউ নেই। আমি বিগত ২০১৯ সালে অসুস্থ অনুভব করলে পঞ্চগড় আধুনিক সদর হাসপাতালে ভর্তি হই এবং চিকিৎসা গ্রহণ করি। পঞ্চগড় সদর হাসপাতালে চিকিৎসা গ্রহণ করার পর শারীরিক উন্নতি না হলে ঠাকুরগাঁও সদর হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার আলী আফজাল এর শরনাপন্ন হই। ঠাকুরগাঁও সদর হাসপাতালের চিকিৎসক পরীক্ষা নিরীক্ষা করে দেখেন যে, আমার হার্টসহ গোল্ড ব্লাডারে পাথর হয়েছে। জরুরীভাবে অপরাশেন করতে হবে। সেই মোতাবেক আমার যা সহায় সম্বল ছিল তা বিক্রয় এবং বিভিন্ন ব্যক্তিবর্গের নিকট হতে ঋণ করে ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যয়ে ডাক্তার রুহুল কুদ্দুস নিকট গোল্ড ব্লাডারের অপরাশেন করি। পরবর্তীতে ২০২০ সালে আমি পুনরায় শারীরিকভাবে অসুস্থবোধ করলে আমি হাইপারটেনশন এন্ড রিসার্চ সেন্টার, রংপুর এর ডাক্তার প্রবাল সুত্রধর, এমবিবিএস, এফসিএস (মেডিসিন) এর শরনাপন্ন হই এবং তিনি আমার পরীক্ষা নিরীক্ষা করেন এবং ব্যবস্থাপত্র ( প্রেসিক্রপসন) করে দেন। পরবর্তীতে আমার বুকের ব্যথ্যা অনুভব করলে আমি জিয়া হার্ট ফাউন্ডেশন, দিনাজপুর এর ডাক্তার এবিএম মঞ্জুর হোসেন এর শরনাপন্ন হলে তিনি আমাকে জরুরীভাবে হার্টে একটি রিং বসানোর পরামর্শ প্রদান করেন। আর্থিক সমস্যার কারণে অপারেশন করতে পারছি না। আমি যথাসময়ে অপারেশন করতে না পারলে বেঁচে থাকাই আমার অসম্ভব হয়ে পড়বে। বর্তমানে আমি হার্টসহ শ্বাসকষ্ট রোগে ভুগছি। দৈনন্দিন আমাকে ৩৫০/৪০০ টাকার ওষধ সেবন করতে হয়। যা অত্যান্ত ব্যয় বহুল এবং কষ্টকর বটেও। এমতাবস্থায় নিরুপায় হয়ে আমি মহোদয়ের বরাবরে অত্র আবেদন আনয়ন করলাম।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন উপরিউক্ত বিষয়াদি বিবেচনা করত: স্বাভাবিক এবং সাধারণভাবে বেঁচে থাকার তাগিদে আমার অপারেশনসহ ঔষধ ক্রয় পূর্বক সেবন করার নিমিত্ত্বে আপনার মাধ্যমে আপনার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের নিকট থেকে এবং বাংলাদেশের সমস্ত বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত ফান্ড থেকে আর্থিক সাহায্যের জন্য সার্বিক সহযোগিতা করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র,
সংযুক্তি - ৩২ কপি

ব্যাংক হিসাব নম্বর: ০২০০০১৫৪৪৩২৩৫
অগ্রণী ব্যাংক লিমিটেড,
পঞ্চগড় শাখা, পঞ্চগড়।

নিবেদক

মো: নুর ইসলাম

(মোঃ নুর ইসলাম)
অফিস সহায়ক (মহাফেজ খানা)
জেলা জজ আদালত, পঞ্চগড়
মোবাইল নং- ০১৭৩৩৭৮৪৫৫৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
প্রাপ্তি নং- ১০৫৫৬ তারিখঃ-
ডেপুটি রেজিস্ট্রার
সহকারী রেজিস্ট্রার
রেজিস্ট্রার জেনারেল এর অনুমোদন
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/কথা বলুন।

Rahaman
19 MAR 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়
পঞ্চগড়।

ফোন: ০২৫৮৯৯-৪১২০১. ফ্যাক্স: ০২৫৮৯৯-৪১৯৩০ ইমেইলঃ djpnbd@gmail.com

স্মারক নংঃ জেজ/পঞ্চ/প্রশাঃ২০২৩-১১২(১)

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

প্রেরক ঃ মোঃ শরীফ হোসেন হায়দার
জেলা ও দায়রা জজ, পঞ্চগড়।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ জনাব মোঃ নুর ইসলাম, অফিস সহায়ক, রেকর্ড রুম, জেলা জজ আদালত, পঞ্চগড়-এর চিকিৎসা সংক্রান্ত আর্থিক সহযোগিতার আবেদনটি অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং-০২, তারিখ ঃ ০২ মার্চ, ২০২৩ খ্রি. মহাফেজ খানা, জেলা জজ আদালত, পঞ্চগড়।

মহোদয়

যথাবিহিত সম্মান জ্ঞাপন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, পঞ্চগড় জজশীপের ভারপ্রাপ্ত জজ-এর কার্যালয়, মহাফেজ খানায় কর্মরত অফিস সহায়ক, জনাব মোঃ নূর ইসলাম-এর চিকিৎসা সংক্রান্ত আর্থিক সহযোগিতার আবেদনটি মহোদয় বরাবরে সদয় বিবেচনার জন্য এতদ্‌সহ অগ্রবর্তী করা হ'ল।

৫২৭

সংযুক্তিঃ

১) দরখাস্তসহ চিকিৎসার কাগজাদি-৯৩ ফর্দ।

আপনার অনুগত

(মোঃ শরীফ হোসেন হায়দার)
পরিচিতি নং-৩৫৫
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।
০৯/০৩/২০২৩খ্রি.